

3 (Sem-2) BEN M 1

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 2.1

(Smritikatha)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো : $1 \times 10 = 10$

(ক) মানিকতলা বাগানের বিপ্লবী কর্মকাণ্ডের প্রধান কর্মকর্তা কে ছিলেন?

(খ) “একসঙ্গে উভয়ে সাধুগিরি করিয়া ফিরিয়াছি, মাস্টারিও করিয়াছি।” এখানে কার কথা বলা হয়েছে?

(গ) ‘উদাসী’ সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে?

(ঘ) আলিপুর বোমা মামলার কোন অভিযুক্ত আন্দামানের কারাগারে উদ্ভাদ হয়ে গিয়েছিলেন?

(ঙ) অবিনাশ এই পাগলদের সংসারে _____ ।
(শূন্যস্থান পূর্ণ করো)

(চ) শিবনাথ শাস্ত্রীর প্রপিতামহের নাম কী?

(ছ) প্যারীচরণ সরকার কোন পত্রিকা সম্পাদনা করতেন ?

(জ) কত ব্রীষ্টাঙ্গে শিবনাথ শাস্ত্রীর জন্ম হয়েছিল ?

(ঝ) “মনে করো শেষের সে দিন ভয়ঙ্কর
অন্যে বাক্য কবে কিন্তু তুমি রবে নিরুত্তর।”

ব্রহ্মসংগীতটি কার রচনা ?

(ঞ) ‘শেয়ালবাঁকী’ কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কোন মঠে, কার কাছে
সন্ন্যাস-দীক্ষা গ্রহণ করেছিলেন ?

(খ) “দেবু আমার হয়েছে ভালগাছের আড়াই হাত।” বক্তা
কে ? ‘ভালগাছের আড়াই হাত’-এর তাৎপর্য কী ?

(গ) নর্মদা নদীর উৎপত্তিস্থল কোথায় ? নর্মদা পরিক্রমা কী ?

(ঘ) শিবনাথ শাস্ত্রীর বাসস্থান কোন গ্রামে ছিল ? তাঁর পিতার
নাম কী ?

(ঙ) ‘বেণীসংহার’ নাটকটি কোথায় অভিনীত হয়েছিল ?
নাটকটিতে শিবনাথ শাস্ত্রী কোন ভূমিকায় অভিনয়
করেছিলেন ?

৩। নির্দেশ অনুযায়ী যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) আলিপুর আদালতের ম্যাজিস্ট্রেট বার্লি-র সঙ্গে
উপেন্দ্রনাথের কথোপকথন-প্রসঙ্গটি আলোচনা করো।

(খ) ‘বুসি’ কী ? উপেন্দ্রনাথের বুসি দর্শনের অভিজ্ঞতা ব্যক্ত
করো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“সবটাই ব্যবসাদারী কাণ্ড। কয়েদী সরকার বাহাদুরের
গোলাম; আপনাদের দেহের রক্ত জল করিয়া সরকারী
কোষাগার পূর্ণ করতেই তাহাদের অস্তিত্বের সার্থকতা।”

(ঘ) কোন ঘটনার পরিপ্রেক্ষিতে শিবনাথ শাস্ত্রী ‘নির্বাসিতের
বিলাপ’ রচনা করেছিলেন ?

(ঙ) “আমি তখন পশু-পাখী পুষিতে বড় ভালবাসিতাম। পুষি
নাই এমন জন্তুই নাই।” শিবনাথ শাস্ত্রীর পশু-পক্ষী
পোষার প্রসঙ্গটি আলোচনা করো।

(চ) “তোমার কবিতা বেশ হয়েছে, কিন্তু মানুষকে গালাগালি
দিয়ে কবিতা লেখা ভাল নয়।” কোন কবিতার প্রসঙ্গে এ
কথা বলা হয়েছিল ? প্রসঙ্গটি আলোচনা করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে দুটি করে নিয়ে মোট চারটি
প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) আন্দামান কারাগারের বন্দীজীবনের বর্ণনা দাও।

(খ) মানিকতলা বাগানের বিপ্লবী কর্মকাণ্ডের একটি রূপরেখা
প্রস্তুত করো।

(গ) ‘নির্বাসিতের আত্মকথা’ গ্রন্থের হাস্যরস সম্বন্ধে আলোচনা
করো।

(ঘ) ‘আত্মজীবনী’ ও ‘স্মৃতিকথা’র পার্থক্য নির্দেশ করে
‘নির্বাসিতের আত্মকথা’ কোন শ্রেণীর রচনা তা নির্ধারণ
করো।

ধ—গুচ্ছ

- (ক) এল. এ. পরীক্ষার পূর্বে শিবনাথ শাস্ত্রীর অধ্যবসায় সম্বন্ধে আলোচনা করো। কঠিন পরিশ্রমের ফলাফল কি হয়েছিল?
- (খ) “গ্রামের জমিদারগণ যখন ব্রাহ্মদিগের প্রতি জাতক্রোধ হলেন তখন বালিকা বিদ্যালয়টি উঠাইয়া দিবার জন্য চেষ্টা করিতে লাগিলেন।” গ্রামের বালিকা বিদ্যালয়টিকে নিয়ে জমিদার ও ব্রাহ্মদের দ্বন্দ্বের ইতিবৃত্তটি বর্ণনা করো।
- (গ) “আপনি নবীন ঠাকুরকে স্মাপ করুন নতুবা আমার মন খারাপ হচ্ছে।” নবীন ঠাকুরের প্রসঙ্গটি আলোচনা করে শিবনাথ শাস্ত্রীর আত্মমর্যাদাবোধ এবং সহৃদয়তার পরিচয় দাও।
- (ঘ) ‘আত্মচরিত’ গ্রন্থে বিদ্যাসাগরের উজ্জ্বল উপস্থিতি লক্ষ করা যায়। গ্রন্থটিতে উল্লিখিত বিদ্যাসাগর-প্রসঙ্গের এক বিশ্লেষণ প্রস্তুত করো।
